N15-3.3

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
এপিএ, এনআইএস, এসডিজি ও ইনোভেশন সেল

বিষয়ঃ ‘পাবলিক পরীক্ষায় অতিরিক্ত ফি আদায় বন্ধে সচেতনতা বৃদ্ধি’ বিষয়ক সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব রুজিনা সুলতানা উপসচিব (এপিএ, এনআইএস, এসডিজি ও ইনোভেশন সেল) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
তারিখ	:	১২/১১/২০২২ খ্রিষ্টাব্দ।
সময়	:	বেলা ০৩.০০ ঘটিকা।
স্থান	:	সভাকক্ষ, জামালপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ বজরাপুর, জামালপুর
উপস্থিতি	:	পরিশিষ্ট ‘ক’

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির নির্দেশক্রমে অধ্যক্ষ, জামালপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজে চলমান কার্যক্রমের সার্বিক চিত্র উপস্থাপন করেন।

০২। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের উপসচিব জনাব রুজিনা সুলতানা ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩.৩ সূচকে ‘পাবলিক পরীক্ষায় সরকার কর্তৃক নির্ধারিত ফি-এর অতিরিক্ত ফি আদায় বন্ধে সচেতনতা বৃদ্ধি’ কার্যক্রম বিষয়ে সভাকে অবহিত করেন। সভায় উপস্থিত জামালপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ এবং তৎসংলগ্ন অন্যান্য বেসরকারি কারিগরি প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী, শিক্ষার্থী ও অভিভাবকগণ মুক্ত আলোচনায় অংশগ্রহণপূর্বক পাবলিক পরীক্ষায় সরকার কর্তৃক নির্ধারিত ফি আদায় সংক্রান্ত স্ব স্ব মতামত ব্যক্ত করেন। জামালপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের শিক্ষার্থী ও অভিভাবকগণ উল্লেখ করেন যে, বর্ণিত প্রতিষ্ঠানে অনুষ্ঠিত পরীক্ষাসমূহের জন্য অতিরিক্ত ফি আদায় করা হয়না। সরকারি আদেশের প্রতি এ প্রতিষ্ঠানের সকলে যথেষ্ট শ্রদ্ধাশীল মর্মে অধ্যক্ষ উল্লেখ করেন।

০৩। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র. নং	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত
১	পাবলিক পরীক্ষায় সরকার কর্তৃক নির্ধারিত ফি বিভাজনসহ প্রকাশ;	পাবলিক পরীক্ষাসমূহে আদায়যোগ্য নির্ধারিত ফি বিভাজনসহ প্রতিষ্ঠান প্রধান তাঁর প্রতিষ্ঠানের ওয়েবসাইট ও নোটিশবোর্ডে প্রকাশ করবেন;
২	পাবলিক পরীক্ষা চলাকালীন পরীক্ষার্থী কর্তৃক যে কোনো অসদুপায় অবলম্বন বা তদ্রুপ কার্যকলাপ থেকে বিরত থাকা বিষয়ক আলোচনা।	পাবলিক পরীক্ষায় শিক্ষার্থী/ শিক্ষক-কর্মচারী কর্তৃক সকল ধরণের অসদুপায় অবলম্বন করা থেকে দূরে থাকার বিষয়ে প্রতিষ্ঠান প্রধান সচেতনতা বৃদ্ধিকল্পে অফিস আদেশ জারীর ব্যবস্থা গ্রহণ করবেন।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

১২.১১.২০২২
(রুজিনা সুলতানা)
উপসচিব

নং- ৫৭.০০.০০০০.১৪৩.১৬.০০৩.২০- ১২৭/১

তারিখ: ৩০ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
১৫ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

বিতরণ: সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (অবগতির জন্য)।
২। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা (অবগতির জন্য)।
৩। অধ্যক্ষ, জামালপুর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, জামালপুর।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। প্রোগ্রামার, আইসিটি সেল, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭। ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব (প্রশাসন-২ অধিশাখা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮। অফিস কপি।

১২.১১.২০২২
(রুজিনা সুলতানা)
উপসচিব

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
এপিএ, এনআইএস, এসডিজি ও ইনোভেশন সেল

বিষয়ঃ 'পাবলিক পরীক্ষায় অতিরিক্ত ফি আদায় বন্ধে সচেতনতা বৃদ্ধি' বিষয়ক সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব রুজিনা সুলতানা উপসচিব (এপিএ, এনআইএস, এসডিজি ও ইনোভেশন সেল) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
তারিখ	:	২৭/১১/২০২২ খ্রিষ্টাব্দ।
সময়	:	বেলা ০২.০০ ঘটিকা।
স্থান	:	সভাকক্ষ, মুরাদনগর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ মুরাদনগর, কুমিল্লা
উপস্থিতি	:	পরিশিষ্ট 'ক'

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম শুরু করেন। সভাপতির নির্দেশক্রমে অধ্যক্ষ, মুরাদনগর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের চলমান কার্যক্রমের সার্বিক চিত্র উপস্থাপন করেন। তিনি আরো উল্লেখ করেন যে, প্রতিষ্ঠানটি নতুন, তবে সরকারি সকল আদেশের প্রতি এর সকল কর্মকর্তা-কর্মচারী সর্বদা শ্রদ্ধাশীল।

০২। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের এপিএ, এনআইএস, এসডিজি ও ইনোভেশন সেল-এর উপসচিব জনাব রুজিনা সুলতানা ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার সূচক ৩.৩-এ 'পাবলিক পরীক্ষায় সরকার কর্তৃক নির্ধারিত ফি-এর অতিরিক্ত ফি আদায় বন্ধে সচেতনতা বৃদ্ধি' কার্যক্রম সভায় উপস্থাপন করেন। সভায় উপস্থিত মুরাদনগর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ এবং তৎসংলগ্ন অন্যান্য বেসরকারি কারিগরি প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী, শিক্ষার্থী ও অভিভাবকগণ মুক্ত আলোচনায় অংশগ্রহণপূর্বক পাবলিক পরীক্ষায় সরকার কর্তৃক নির্ধারিত ফি আদায় সংক্রান্ত নিজস্ব মতামত তুলে করেন। মুরাদনগর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের শিক্ষার্থী ও অভিভাবকগণ উল্লেখ করেন যে, বর্ণিত প্রতিষ্ঠানে অনুষ্ঠিত পরীক্ষাসমূহের জন্য অতিরিক্ত ফি আদায় করা হয়না। সরকারি আদেশের প্রতি এ প্রতিষ্ঠানের সকলে যথেষ্ট শ্রদ্ধাশীল মর্মে অধ্যক্ষ উল্লেখ করেন।

০৩। সভায় নিম্নরূপ আলোচনা ও সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র. নং	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত
১	প্রতিষ্ঠান আঙিনায় কোচিং/প্রতিষ্ঠানের শিক্ষকগণ কর্তৃক ব্যক্তিগত কোচিং থেকে বিরত থাকা বিষয়ক আলোচনা;	মুরাদনগর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ নবনির্মিত প্রতিষ্ঠান বিধায় প্রতিষ্ঠানকে জাতীয় র‍্যাংকিং-এ উন্নত করার জন্য শিক্ষকগণ ব্যক্তিগত কোচিং/ প্রতিষ্ঠান আঙিনায় কোচিং-এ উৎসাহী হওয়ার আশংকা থাকে। এ ধরণের কার্যক্রম থেকে বিরত থাকতে হবে;
২	এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান পরীক্ষায় সরকার কর্তৃক নির্ধারিত ফি বিভাজনসহ প্রকাশ।	পাবলিক পরীক্ষাসমূহে আদায়যোগ্য নির্ধারিত ফি বিভাজনসহ প্রতিষ্ঠান প্রধান তাঁর প্রতিষ্ঠানের ওয়েবসাইট ও নোটিশবোর্ডে প্রকাশ করবেন।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

29.11.2022
(রুজিনা সুলতানা)
উপসচিব

নং- ৫৭.০০.০০০০.১৪৩.১৬.০০৩.২০-১৩৩/১

তারিখ: ১৩ অগ্রহায়ণ ১৪২৯ বঙ্গাব্দ
২৮ নভেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

বিতরণ: সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (অবগতির জন্য)।
২। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা (অবগতির জন্য)।
৩। অধ্যক্ষ, মুরাদনগর সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, জামালপুর।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। প্রোগ্রামার, আইসিটি সেল, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭। ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব (প্রশাসন-২ অধিশাখা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ
শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
এপিএ, এনআইএস, এসডিজি ও ইনোভেশন সেল

বিষয়ঃ ‘পাবলিক পরীক্ষায় অতিরিক্ত ফি আদায় বন্ধে সচেতনতা বৃদ্ধি’ বিষয়ক সভার কার্যবিবরণী।

সভাপতি	:	জনাব রুজিনা সুলতানা, উপসচিব (এপিএ, এনআইএস, এসডিজি ও ইনোভেশন সেল) কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়
তারিখ	:	২১/১২/২০২২ খ্রিষ্টাব্দ।
সময়	:	সকাল ১০.০০ ঘটিকা।
স্থান	:	সভাকক্ষ, বরিশাল সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ বরিশাল সদর, বরিশাল
উপস্থিতি	:	পরিশিষ্ট ‘ক’

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভার শুরুতে সভাপতি উপস্থিত সকলকে পরিচয় প্রদানের জন্য অনুরোধ করলে উপস্থিত সকল কর্মকর্তা তাদের পরিচয় প্রদান করেন। সভাপতির নির্দেশক্রমে অধ্যক্ষ, বরিশাল সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজে চলমান কার্যক্রমের চিত্র তুলে ধরেন।

০২। কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগের উপসচিব জনাব রুজিনা সুলতানা ২০২২-২৩ অর্থবছরের জাতীয় শুদ্ধাচার কৌশল কর্মপরিকল্পনার ৩.৩ সূচকে ‘পাবলিক পরীক্ষায় সরকার কর্তৃক নির্ধারিত ফি-এর অতিরিক্ত ফি আদায় বন্ধে সচেতনতা বৃদ্ধি’ কার্যক্রম বিষয়ে সভাকে অবহিত করেন। সভায় উপস্থিত বরিশাল সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ এবং তৎসংলগ্ন অন্যান্য বেসরকারি কারিগরি প্রতিষ্ঠানের শিক্ষক-কর্মচারী, শিক্ষার্থী ও অভিভাবকগণ মুক্ত আলোচনায় অংশগ্রহণপূর্বক পাবলিক পরীক্ষায় সরকার কর্তৃক নির্ধারিত ফি আদায় সংক্রান্ত স্ব স্ব মতামত ব্যক্ত করেন। বরিশাল সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজের শিক্ষার্থী ও অভিভাবকগণ উল্লেখ করেন যে, বর্ণিত প্রতিষ্ঠানে অনুষ্ঠিত পরীক্ষাসমূহের জন্য অতিরিক্ত ফি আদায় করা হয়না। সরকারি আদেশ প্রতিপালনে এ প্রতিষ্ঠানের সকলে সচেষ্ট মর্মে অধ্যক্ষ উল্লেখ করেন।

০৩। সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নরূপ সিদ্ধান্ত গৃহীত হয়:

ক্র. নং	আলোচনা	গৃহীত সিদ্ধান্ত
১	পাবলিক পরীক্ষায় সরকার কর্তৃক নির্ধারিত ফি বিভাজনসহ প্রকাশ;	প্রতিষ্ঠান প্রধান নোটিশ বোর্ডসহ প্রতিষ্ঠানের ওয়েবসাইটে পাবলিক পরীক্ষাসমূহে আদায়যোগ্য সরকার নির্ধারিত ফি বিভাজন প্রকাশ করবেন।
২	পাবলিক পরীক্ষা চলাকালীন সময়ে পরীক্ষার্থী যেন কোনো অসদুপায় অবলম্বন বা তদুপ কার্যকলাপ থেকে বিরত থাকে সে বিষয়ে আলোচনা।	পাবলিক পরীক্ষায় শিক্ষার্থী/ শিক্ষক-কর্মচারী কর্তৃক সকল ধরণের অসদুপায় অবলম্বন করা থেকে দূরে থাকার বিষয়ে প্রতিষ্ঠান প্রধান সচেতনতা বৃদ্ধিকল্পে অফিস আদেশ জারীসহ অন্যান্য প্রয়োজনীয় উদ্যোগ গ্রহণ করবেন।

সভায় আর কোনো আলোচনা না থাকায় সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

২১/১২/২০২২
(রুজিনা সুলতানা)
উপসচিব

নং- ৫৭.০০.০০০০.১৪৩.১৬.০০৩.২০- ১৪০/১

তারিখ: ০৬ পৌষ ১৪২৯ বঙ্গাব্দ
২১ ডিসেম্বর ২০২২ খ্রিস্টাব্দ

<u>বিতরণ: সদয় অবগতি/কার্যার্থে (জ্যেষ্ঠতার ভিত্তিতে নয়)</u>

১। মহাপরিচালক, কারিগরি শিক্ষা অধিদপ্তর, আগারগাঁও, ঢাকা (অবগতির জন্য)।
২। চেয়ারম্যান, বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, আগারগাঁও, ঢাকা (অবগতির জন্য)।
৩। অধ্যক্ষ, বরিশাল সরকারি টেকনিক্যাল স্কুল ও কলেজ, বরিশাল।
৪। সচিব মহোদয়ের একান্ত সচিব, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৫। প্রোগ্রামার, আইসিটি সেল, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৬। ব্যক্তিগত কর্মকর্তা, অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ, কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৭। ব্যক্তিগত কর্মকর্তা, যুগ্মসচিব (প্রশাসন-২ অধিশাখা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
৮। অফিস কপি।

(রুজিনা সুলতানা)
উপসচিব